12826 1000 Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

A 869.00
28.00
4.00
901.00


District Sub Registrar
South 24-Parganas

পার্টিশান বা আপোষ বণ্টন নামা দলিল : -

প্রথম পক্ষ : - শ্রী অনিল বরন চৌধুরী পিতা গোপাল চন্দ্র চৌধুরী, জাতি হিন্দু, পেশা অবসরপ্রাপ্ত, সাং ৫৬।১, মহারানী ইন্দিরা দেবী রোড, কলিকাতা - ৬০, থানা বেহালা, জেলা - দক্ষিন ২৪ পরগণা ।

দ্বিতীয় পক্ষ : - শ্রী অসীম বরন চৌধুরী পিতা গোপাল চন্দ্র চৌধুরী, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ৫৬।১ মহারানী ইন্দিরা - দেবী রোড, কলিকাতা - ৬০, থানা বেহালা, জেলা - দক্ষিন ২৪ পরগণা ।

200Rs.





তৃতীয় পক্ষ : - শ্রী অমিত বরন চৌধুরী পিতা গোপাল চন্দ্র চৌধুরী, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং ৫৬।১, মহারানী ইন্দিরা - দেবী রোড, কলিকাতা - ৬০, থানা বেহালা, জেলা - দক্ষিন ২৪ পরগণা ।

---

চতুর্থ পক্ষ : - শ্রী অজিত বরন চৌধুরী, পিতা গোপাল চন্দ্র চৌধুরী, জাতি হিন্দু, পেশা সরকারী চাকুরী, সাং ৫৬।১, মহারানী - ইন্দিরা দেবী রোড, কলিকাতা - ৬০, থানা বেহালা, জেলা - দক্ষিন ২৪ পরগণা ।

---

200Rs.





পঞ্চম পক্ষ :- শ্রীমতী হেমাঙ্গিনী চৌধুরী, স্বামী গোপাল চন্দ্র চৌধুরী, জাতি হিন্দু, পেশা - গৃহস্থালী, সাং ৫৬।১, মহারানী ইন্দিরা - দেবী রোড, কলিকাতা - ৬০, থানা বেহালা, জেলা - দক্ষিন - ২৪ পরগণা ।

কস্য বসিৎ বাটী ও সংলগ্ন জমির আপোষ বণ্টন নামা পত্র মিদং কার্য্যঞ্চাগে :- জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা ও সাবরেজেষ্ট্রি বেহালা, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত মৌজা বেহালা, খতিয়ান নং ২২২৭, দাগ নং ৬৮৩ ছয়শত - তিরাশি দাগে মোট ১৫ পনের কাঠা ৭ সাত ছটাক ৬ ছয় স্কোয়ার ফিট জমি মায় তদ্ পরিস্থিত আংশিক দ্বিতল ও আংশিক একতল বসত বাটী অত্র বণ্টন নামা দলিলের

হেমাঙ্গিনী চৌধুরী

200Rs.




বিষয়ীভূত সম্পত্তি হইয়াছে। উহা নিম্নের।ক। তপশীলে আরও বিশদ ভাবে বর্ণিত হইয়াছে।

২। উক্ত সম্পত্তিতে কোন গৃহাদি হইবার পূর্ব্বেই উহা আমাদের পূর্ব্বাধিকারী গোপাল চন্দ্র চৌধুরী বিগত ইং ১৯৫৩ সালের ১৪ই ফেব্রুয়ারী বাংলা ২রা ফাল্গুন ১৩৫৯ তারিখে তৎকালীন মালিক শ্রীমতী কালিদাসী দাসী স্বামী যতীন্দ্র নাথ সরদার মহাশয়ার নিকট হইতে উপযুক্ত মূল্যে সাফ কোবালা মূলে খরিদ করেন। উক্ত কোবালা দলিল আলিপুর সাবরেজেষ্ট্রি বেহালা অফিসে ইংরাজী ১৯৫৩ সালে ১ নং বহির ৮ নং ভল্যুমের ১৫২ হইতে ১৫৭ নং পৃষ্ঠায় ২১৭ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে।

200 Rs.

INDIA NON JUDICIAL

২০০ রু. Rs 200

সত্যমেব জয়তে

ভারত

দো সৌ রুপয়ে TWO HUNDRED RUPEES

৩। তাহার পর উক্ত গোপাল চন্দ্র চৌধুরী নিজ অর্থে এবং নিজ স্বার্থে তাহার খরিদা সম্পত্তির উপর অত্র সংলগ্ন নকসায় প্রদর্শিত ইমারতাদি নির্ম্মাণ করিয়া পরিবার বর্গ সহ বসবাস করিতে থাকেন ।

৪। আমাদের পূর্ব্বাধিকারী গোপাল চন্দ্র চৌধুরীর দুইটি সংসার । প্রথমা স্ত্রীর একটি পুত্র সুনিল বরন ও তিনটি কন্যা সন্তান জন্ম গ্রহণ করিবার পর পরলোক গমন করিলে তিনি অত্র দলিলের প্রথম পক্ষ শ্রীমতী হেমাঙ্গিনী দেবীকে বিবাহ করেন এবং অত্র দলিলের দ্বিতীয় তৃতীয় ও চতুর্থ পক্ষ তাহার গর্ভজাত সন্তান হইয়াছেন । প্রথমা পত্নী চম্পকলতা দেবীর গর্ভজাতা তিনটি কন্যাদের গোপাল চন্দ্র চৌধুরী উপযুক্ত ঘরে বিবাহ দিয়া সংসারি করিয়া যান ।

100Rs.

INDIA NON JUDICIAL

১০০ রু.

Rs 100

সত্যমেব জয়তে

ভারত

এক সৌ রুপয়ে ONE HUNDRED RUPEES

৫। ইংরাজী ১৯৫৬ সালে হিন্দু উত্তরাধিকার আইন প্রবর্ত্তিত হয়। তখন হইতে উক্ত গোপাল চন্দ্র তাহার পরিত্যক্ত সম্পত্তি লইয়া যাহাতে তাঁহার পুত্র, কন্যাগণের মধ্যে মামলা মোকর্দ্দমা না হয় তাহার জন্য অত্যন্ত আগ্রহী ছিলেন। এবং তিনটি কন্যার বিবাহেই বহু টাকা খরচা করিয়াছিলেন। সেই কারণে তিনি কন্যাগণকে স্থাবর সম্পত্তির অংশ দিতে ইচ্ছুক ছিলেন না।

৬। সেই উদ্দেশ্যে তিনি তাহার স্বোপার্জ্জিত সম্পত্তি তাহার চারি পুত্রকে সমান ভাবে ভাগ করিয়া দিতে ইচ্ছুক ছিলেন। কিন্তু শ্রীমতী হেমাঙ্গিনী দেবীর গর্ভজাত কনিষ্ঠ পুত্র তখন অল্পবয়স্ক ও অপরিনত বুদ্ধি ছিলেন বলিয়া তিনি ইংরাজী ১৯৭০ সালের ১০ই ডিসেম্বর বাংলা ২০শে অগ্রহায়ণ ১৩৭৭ তারিখে এককেতা দানপত্র

পরপাতে দেখ /

30 Rs.

तीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

৩০রু. THIRTY RUPEES 30RS

মূলে তাহার সমূহ সম্পত্তি শ্রীমতী হেমাঙ্গিনী দেবীকে তিন পুত্রের প্রতিভূ হিসাবে ৩।৪ তিন চতুর্থাংশ ও নাবালক পুত্র শ্রী অনিল বরনকে ১।৪ এক চতুর্থাংশ দান করিয়া তাহা হইতে নিঃস্বত্ব হয়েন ।

৭। এক্ষণে পঞ্চম পক্ষ বর্তমানে বৃদ্ধা হইয়াছেন এবং তাহার গর্ভজাত তিন পুত্রই সংসারী হইয়াছে । ভবিষ্যতে চার ভ্রাতার মধ্যে যাহাতে কোনরূপ ভুল বোঝাবুঝি বা পার্টিশান মোকর্দ্দমা না হয় সেইজন্য তিনি সকল পুত্রকে বারংবার পীড়াপিড়ি করিতেছেন এবং তাঁহারই নির্বন্ধে এবং তাহারই খরচায় সকল পক্ষের সহিত আলোচনান্তে সার্ভেয়ার ও প্ল্যান মেকার শ্রী শিব দুলাল বসু দ্বারা নিম্নের ।ক। তপশীল বর্ণিত সম্পত্তি সম মূল্যের ৫ পাঁচ ভাগে বিভক্ত করিয়া একটি পার্টিশান প্ল্যান প্রস্তুত করিয়াছেন । উহাতে প্রথম পক্ষ, দ্বিতীয় পক্ষ, তৃতীয় পক্ষ, চতুর্থ পক্ষ এবং পঞ্চম পক্ষ যে যে সম্পত্তি পাইতেছেন তাহা বিভিন্ন বর্ণের সীমা রেখার দ্বারা নির্দ্দিষ্ট

করা হইয়াছে । এবং সম্পত্তির দক্ষিন দিকে একটি কমন প্যাসেজ বহাল করা হইয়াছে । উক্ত নকসা অত্র বণ্টন নামা দলিলের সহিত সংলগ্ন হইল এবং বরাবর একাংশ বলিয়া গণ্য হইবে ।

৮। পঞ্চম পক্ষ যে তাহার তিন পুত্রের প্রতিনিধি হিসাবে দানপত্র গ্রহণ করিয়াছিলেন তাহা অত্র দলিলের প্রচার ও প্রকাশ করিলেন এবং তাহার এই প্রচারের জন্য অতিরিক্ত ৫ , পাঁচ টাকার ষ্ট্যাম্প প্রদত্ত হইল ।

৯। বসত বাটীটি পৃথক পৃথক জমি সহ ভাগ করা সম্ভব নহে বলিয়া প্রথম পক্ষ শ্রী অনিল বরন এক তলের গৃহাদির যে অংশ পাইলেন ।লট। ।এ। তৃতীয় পক্ষ শ্রী - অসিত বরন তাহার উপরে দ্বিতলের অংশটি লট ।সি। পাইতেছেন । অনুরূপ ভাবে দ্বিতীয় পক্ষ শ্রী অসীম বসত বাটীর যে অংশটি একতলায় পাইলেন লট ।বি। তাহার উপরে দ্বিতলের অংশটি চতুর্থ পক্ষ শ্রী অজিত বরন লট ।ডি। প্রাপ্ত হইলেন । সুতরাং ঐরূপ বিভাগের ফলে প্রথম পক্ষের অংশে প্রাপ্ত গৃহাদির তলস্থ জমিতে প্রথম পক্ষ ও তৃতীয় পক্ষের সমান অংশ রহিল এবং দ্বিতীয় পক্ষের অংশে প্রাপ্ত গৃহাদি তলস্থ জমিতে ~~তৃতীয়~~ দ্বিতীয় পক্ষ ও চতুর্থ পক্ষের সমানাংশ হইবে । দ্বিতীয় পক্ষ ও চতুর্থ পক্ষ নির্মিত গৃহাদির অংশ সামান্য কম পাওয়ায় তাহার ক্ষতিপূরন সুরূপ দ্বিতীয়পক্ষ ~~[illegible]~~ আরও ১ এক কাঠা ৫ পাঁচ ছটাক ~~[illegible]~~ স্কোয়ার ফিট খালি জমি পাইতেছেন । এবং চতুর্থ পক্ষ ১-এক কাঠা ২-দুই ছটাক ৩০ ত্রিশ স্কোয়ার ফিট পাইতেছেন ।

পঞ্চম পক্ষ গৃহ বাটী সামান্য পাওয়ায় বেশী জমি পাইতেছেন । এইরূপ প্রত্যেক পক্ষের সম্পত্তির মূল্য সমান বিবেচনা করিয়া কোন পক্ষই অপর কোন পক্ষকে ওয়েলটি মানি বা পরিপূরক ক্ষতিপূরন বাবদ কোন অর্থ দিবেন না ।

১০। প্রথম পক্ষ শ্রী অনিল বরন ও তৃতীয় পক্ষ শ্রী অমিত বরন অত্র বণ্টন নামা মূলে বসত বাটীর যে অংশ পাইতেছেন তাহাতে কোন বাথরুম ও পায়খানা নাই । সেই কারণে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে আপন আপন অংশে বাথরুম পায়খানা তৈয়ারী করিয়া লইবার জন্য দুই বৎসর সময় ধার্য্য হইল । এই দুই বৎসরের মধ্যে প্রথম ও তৃতীয় পক্ষ যথাক্রমে আপন আপন অংশতে বাথরুম ও পায়খানা করিয়া লইবেন এবং ততদিন যথাক্রমে দ্বিতীয় ও চতুর্থ পক্ষের অংশে প্রাপ্ত বাথরুম পায়খানা ব্যবহার করিবেন । প্রথম ও তৃতীয় পক্ষের বাথরুম ও পায়খানা তৈয়ারী কালে সকল পক্ষই সর্ব্বোতোভাবে সহযোগিতা করিতে বাধ্য রহিলেন ।

১১। দ্বিতীয় পক্ষ শ্রী অসীম বরণ নিম্নাংশে যে সম্পত্তি পাইতেছেন উত্তরাংশের ঘর ছাড়াও তাহার পশ্চিমাংশে দুইটি ঘর পাইতেছেন । চতুর্থ পক্ষ শ্রী অজিত বরনের অংশে পশ্চিমাংশে কোন ঘর নাই । ১ নাগাদ ৪ নং পক্ষগণের শ্রদ্ধেয়া মাতা ঠাকুরানী নিজ অর্থে অদ্য হইতে ১ এক বৎসরের মধ্যে ঐ ঘর করিয়া দিবার প্রানপণ চেষ্টা করিবেন । নিতান্ত অপারক হইলে চারি ভ্রাতার মিলিত অর্থে ঐ ঘর করিয়া দিতে হইবে । এবং তাহার খরচা চারি ভ্রাতাই সমানাংশে বহন করিতে বাধ্য রহিলেন ।

১৪। মোট সম্পত্তির ১০০০০০, একলক্ষ টাকা ধার্য্য করিয়া তাহা হইতে একটি অংশে সম্পত্তি মূল্য ২০,০০০, কুড়ি হাজার টাকা বাদ দিয়া বাকি ৮০,০০০, আশি হাজার টাকার উপর পার্টিশান জন্য দেয় স্ট্যাম্প প্রদত্ত হইল।

১৫। বাড়ীর সিঁড়ি ও ছাদ সকল পক্ষের কমন থাকিবে যদি তিন তলায় গৃহাদি করিবার আবশ্যক হয় তাহা হইলে লট (এ) র উপরে গৃহাদি প্রথম ও তৃতীয় পক্ষ মিলিত ভাবে করিবেন। অনুরূপ ভাবে লট বি এর উপরের গৃহাদি দ্বিতীয় পক্ষ ও চতুর্থ পক্ষ মিলিত ভাবে করিবেন।

১৬। মূল দলিলটি প্রথম পক্ষ শ্রী অনিল বরন চৌধুরীর জিম্মায় থাকিবে। অপর চারি পক্ষ জাবেদা নকল নকসা সহ পাইবেন। তাহার খরচ ও সকল পক্ষ সমান ভাবে বহন করিবেন। প্রথম পক্ষ প্রয়োজনে উক্ত মূল দলিল আদালতে উপস্থিত করিতে ওয়াকেশান এক্ষে বাধ্য থাকিলেন।

১৭। শ্রী অনিল বরন চৌধুরীর নিম্নোর (ক) তপশীলে বর্ণিত মোট বিভাজ্য সম্পত্তির মধ্যে নিম্নোর (খ) তপশীলে বর্ণিত সম্পত্তির মায় উপরিউক্ত কমন প্যাসেজের যৌথ মালিকানা ও সর্ব্ববিধ ইজমেন্ট সত্ব সমেত সম্পত্তি অন্যের নিরাংশে নির্ব্যূঢ় সত্বে প্রাপ্ত হইলেন এই দলিলের বানিয়াদে তিনি তাঁহার অংশে প্রাপ্ত সম্পত্তি কলিকাতা

মিউনিসিপ্যাল কর্পোরেশন ও পশ্চিমবঙ্গ সরকারে নিজ নাম খারিজ করিয়া তাহার অংশে প্রাপ্ত খালি জমি টুকুতে পায়খানা, বাথরুম, রান্নাঘর, ভাড়ার ঘর প্রভৃতি নির্মান করিয়া দান, বিক্রয়, দেবার্পণ, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা প্রযুক্তে পুত্র, কন্যাদি ওয়ারেশান স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন তাহাতে অপর কোন পক্ষ কোনরূপ দাবী দাওয়া করিতে পারিবেন না বা বাঁধা বিঘ্ন সৃষ্টি করিবেন না। যদি কেহ করেন তাহা সর্ব্বকালে সর্ব্ব বিচারালয়ে সর্ব্বথা নামঞ্জুর বাতিল ও অগ্রাহ্য হইবে। প্রথম পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তি অত্র সংলগ্ন নকসায় লাল বর্ণের সীমা রেখার দ্বারা চিহ্নিত হইয়াছে। এবং লট ।এ। ও এ ডেস্ রূপে নির্দ্দিষ্ট হইয়াছে।

১৮। অদ্য হইতে অত্র দলিলের দ্বিতীয় পক্ষ শ্রী অমিয় বরন চৌধুরী নিম্নের ।ক। তপশীলে বর্ণিত বিভাজ্য সম্পত্তির মধ্যে নিম্নের ।গ। তপশীল বর্ণিত সম্পত্তি যায় উপরোক্ত কমন প্যাসেজের যৌথ মালিকানা ও সর্ব্ববিধ ইজমেণ্ট স্বত্ব সমেত সম্পত্তি অন্যের নিরংশে নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন। এই দলিলের বনিয়াদে তিনি তাহার অংশে প্রাপ্ত সম্পত্তি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ও পশ্চিমবঙ্গ সরকারে নিজ নাম খারিজ করিয়া তাহার অংশে প্রাপ্ত খালি জমিতে গৃহাদি নির্মান করিয়া দান, বিক্রয়, দেবার্পণ বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ক্ষমতা প্রযুক্তে পুত্র,

কন্যাদি ওয়ারিশ স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন তাহাতে অপর কোন পক্ষ কোনরূপ দাবী দাওয়া করিতে পারিবেন না বা বাঁধা বিঘ্নর সৃষ্টি করিতে পারিবেন না । যদি কেহ করে তাহা সর্ব্বকালে সর্ব্ব বিচারালয়ে সর্ব্বথা নামঞ্জুর বাতিল ও অগ্রাহ্য হইবে । দ্বিতীয় পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তি অত্র সংলগ্ন নকসায় নীল বর্ণের সীমা রেখার দ্বারা চিহ্নিত হইয়াছে । এবং লট ।বি। ও বি ডেস রূপে নির্দ্দিষ্ট হইয়াছে ।

১১। অদ্য হইতে অত্র দলিলের তৃতীয় পক্ষ শ্রী অসিত বরন চৌধুরী নিম্নোর ।ক। তপশীলে বর্ণিত বিভাজ্য সম্পত্তির মধ্যে নিম্নোর ।ঘ। তপশীল বর্ণিত সম্পত্তি যায় উপরি উক্ত কমন প্যাসেজের যৌথ মালিকানা ও সর্ব্ববিধ ইজমেন্ট সুত্ব সমেত সম্পত্তি অন্যের নিরাংশে নির্ব্ব্যূঢ় সুত্বে প্রাপ্ত হইলেন । এই দলিলের বনিয়াদে তিনি তাহার অংশে প্রাপ্ত সম্পত্তি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে ও পশ্চিমবঙ্গ সরকারে নিজ নাম খারিজ করিয়া তাহার অংশে প্রাপ্ত খালি জমিতে গৃহাদি নির্ম্মাণ করিয়া দান, বিক্রয় দেবার্পণ বন্ধকাদি সর্ব্বপ্রকার ক্ষমতা প্রযুক্তে পুত্র, কন্যাদি ও ওয়ারেশ স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন তাহাতে অপর কোন পক্ষ কোনরূপ দাবী দাওয়া করিতে পারিবেন না বা বাঁধার সৃষ্টি করিবেন না । যদি কেহ করে তাহা সর্ব্বকালে সর্ব্ব বিচারালয়ে সর্ব্বথা নামঞ্জুর বাতিল ও অগ্রাহ্য হইবে ।

(১৪)

তৃতীয় পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তি অত্র সংলগ্ন নকসায় সবুজ বর্ণের সীমা রেখার দ্বারা চিহ্নিত হইয়াছে এবং লট ।সি। রূপে নির্দ্দিষ্ট হইয়াছে ।

।ঘ। অদ্য হইতে অত্র দলিলের চতুর্থ পক্ষ শ্রী অজিত বরন চৌধুরী নিম্নের ।ক। তপশীলে বর্ণিত বিভাজ্য সম্পত্তির মধ্যে নিম্নের ।ঙ। তপশীলে বর্ণিত মায় উপরোক্ত কমন প্যাসেজের যৌথ মালিকানা ও সর্ব্ববিধ ইজমেণ্ট স্বত্ব সমেত সম্পত্তি অন্যের নিরাংশে নির্ব্বিূঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন । এই দলিলের বনিয়াদে তিনি তাহার অংশে প্রাপ্ত সম্পত্তি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ও পশ্চিমবঙ্গ সরকারে নিজ নাম খারিজ করিয়া তাহার অংশে প্রাপ্ত খালি জমিতে গৃহাদি নির্ম্মাণ করিয়া দান, বিক্রয় দেবার্পণ, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ক্ষমতা প্রযুক্তে পুত্র, কন্যাদি ওয়ারেশান গণ ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন । তাহাতে অপর কোন পক্ষ কোনরূপ দাবী দাওয়া করিতে পারিবেন না । বা বাঁধার সৃষ্টি করিতে পারিবেন না । যদি কেহ করে তাহা সর্ব্বকালে সর্ব্ব বিচারালয়ে সর্ব্বথা নামঞ্জুর বাতিল ও অগ্রাহ্য হইবে । চতুর্থ পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তি অত্র সংলগ্ন নকসায় হলুদ বর্ণের সীমা রেখার দ্বারা চিহ্নিত হইয়াছে । এবং লট ।ডি। ও - ডি ডেস্ রূপে নির্দ্দিষ্ট হইয়াছে ।ঙ।অদ্য হইতে অত্র দলিলের পঞ্চম পক্ষ শ্রীমতী - হেমাঙ্গিনী দেবী নিম্নের ।ক। তপশীল বর্ণিত বিভাজ্য সম্পত্তির মধ্যে ।চ। তপশীল

অজিত বরন চৌধুরী

বর্ণিত সম্পত্তি যায় উপরিউক্ত কমন প্যাসেজের যৌথ মালিকানা ও সর্ব্ববিধ ইজমেণ্ট স্বত্ব সহ সম্পত্তি অন্যের নিরাংশে নির্ব্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন । এই দলিলের বনিয়াদে তিনি তাহার অংশে প্রাপ্ত সম্পত্তি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে ও পশ্চিমবঙ্গ সরকারে নিজ নাম খারিজ করিয়া তাহার অংশে প্রাপ্ত খালি জমিতে গৃহাদি নির্ম্মাণ করিয়া দান, বিক্রয়, দেবার্পণ, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ক্ষমতা প্রযুক্তে পুত্র, কন্যাদি ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন তাহাতে অপর কোন পক্ষ কোনরূপ দাবী দাওয়া করিতে পারিবে না বা বাঁধা সৃষ্টি করিতে পারিবেন না । যদি কেহ করে তাহা সর্ব্বকালে সর্ব্ব বিচারালয়ে সর্ব্বথা নামঞ্জুর বাতিল ও অগ্রাহ্য হইবে । পঞ্চম পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তি অত্র সংলগ্ন নকসায় কালো বর্ণের সীমা রেখার দ্বারা চিহ্নিত হইয়াছে এবং লট ।ই। রূপে চিহ্নিত হইয়াছে ।

২২। প্রত্যেকে পক্ষ ইহা সিদ্ধান্ত করিয়াছেন যে যদি প্রথম নাগাদ চতুর্থ পক্ষের মধ্যে কোনপক্ষ তাহার অংশে প্রাপ্ত সম্পত্তি বিক্রয় করিতে মনস্থ করেন তাহা হইলে তিনি অপর তিন পক্ষকে রেজেষ্ট্রি ডাকযোগে পত্রদ্বারা জানাইবেন । ঐ চিঠি পোষ্টকার্ডে অথবা ইনল্যাণ্ড লেটারে দিতে হইবে । ঐ চিঠি প্রাপ্তির এক মাসের মধ্যে চিঠির প্রাপক মধ্যে বা প্রাপক গণ যদি প্রচলিত বাজার মূল্যে ঐ সম্পত্তি খরিদ করিতে প্রস্তুত থাকেন তাহা হইলে তাহাকে ও তাহাদিগকেই বিক্রয় করিতে হইবে ।

অন্য কাহাকেও বিক্রয় করা চলিবে না । যদি ঐ চিঠি প্রাপ্তির ১ এক মাসের মধ্যে খরিদ করিবার ইচ্ছা প্রকাশ করিয়া কোন পক্ষ রেজেষ্ট্রি ডাক যোগে লিখিত ভাবে না জানান তাহা হইলে অপরকে বিক্রয় করিতে পারিবেন । অগ্র ক্রয়ের এই শর্ত ওয়ারেশান গণক্রমে বলবৎ থাকিবে ।

২৩। অত্র বণ্টন নামা দলিলে যাবতীয় খরচ সকল পক্ষ সমান ভাবে বহন করিলেন।

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্ত:করণে স্বেচ্ছায় সজ্ঞানে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় আমরা সকল পক্ষ অত্র বণ্টন নামা দলিলের লিখিত প্রতিটি দফা পড়িয়া, শুনিয়া ও তাহাতে বাধ্য থাকিয়া আমাদের পছন্দ মত হইয়াছে দেখিয়া শুনিয়া মর্ম্ম অবগত হইয়া আমরা সহি সম্পাদন করিলাম । ইতি তাং ইং ১৯৮৬ সালের ১৭ই জুন ।

।ক। তপশীল মোট বিভাজ্য সম্পত্তির পরিচয় : -

জেলা ২৪ পরগণা, থানা ও সাবরেজেষ্ট্রি বেহালা, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত মৌজা বেহালা, খতিয়ান নং ২২২৭, দাগ নং ৬৮৩ নং ছয়শত তিরাশি নং দাগে মোট ১৫ পনের কাঠা ৭ সাত ছটাক ৬ ছয় স্কোয়ার ফিট জমি সায় উক্ত জমির উপরিস্থিত আংশিক দ্বিতল ও আংশিক একতল বসত বাটী অত্র বণ্টন নামা দলিলের মোট বিষয়ীভূক্ত সম্পত্তি হইতেছে । উক্ত সম্পত্তি

অত্র সহ সংলগ্ন নকসায় বিভিন্ন রং দ্বারা পৃথক পৃথক প্লটে বিভক্ত করা রহিল ।

উহার চৌহদ্দি : -

উত্তর : - ৮´ ফুট চওড়া সাধারন পথ ও হেমচন্দ্র রায়ের বাড়ী ।

দক্ষিন : - রাধিকা মোহন রায় ও ধীরেন নাথ দিং

পূর্ব্ব : - মিউনিসিপ্যাল রাস্তা ।

পশ্চিম : - কিশোরী মোহন নাথের জমি ।

উক্ত সম্পত্তির মোট মূল্য ১00000 একলক্ষ টাকা ।

।খ। তপশীল বর্ণিত সম্পত্তি : -

যাহা প্রথম পক্ষ শ্রী অনিল বরন চৌধুরীর অংশে প্রাপ্ত হইল ।

উপরোক্ত ।ক। তপশীল অন্তর্ভুক্ত -

জেলা ২৪ পরগণা, থানা ও সাবরেজেষ্ট্রি বেহালা, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অন্তর্গত, মৌজা বেহালা খতিয়ান নং ২২২৭, দাগ নং ৬৮৩ ছয়শত তিরাশি দাগে মোট ১৫ পনের কাঠা ৭ সাত ছটাক ৬ ছয় স্কোয়ার ফিট জমি মায় তদ্ পরিস্থিত আংশিক দ্বিতল ও আংশিক একতল বসত বাটীর মধ্যে নিচতলায় ২ দুই কাঠা ৩ তিন ছটাক ৩১ একত্রিশ বর্গফুট বাস্তু জমি তদ্ পরিস্থিত দুই কামরা শয়ন ঘর সহ বারান্দা অত্র বণ্টন নামার বণ্টন কৃত সম্পত্তি হইতেছে । যাহা অত্র সহ দাখিলী নকসায় লাল রং দ্বারা দেখান হইল ।

(১৮)

।গ। তপশীল বর্ণিত সম্পত্তি যাহা দ্বিতীয় পক্ষ শ্রী অসীম বরন চৌধুরীর অংশে প্রাপ্ত হইল ।

---

উপরোক্ত ।ক। তপশীলের অন্তর্ভুক্ত জেলা ২৪ পরগণা থানা ও সাবরেজেষ্ট্রি বেহালা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অন্তর্গত মৌজা বেহালা খতিয়ান নং ২২২৭ দাগ নং ৬৮৩ ছয়শত তিরাশি দাগে মোট ১৫ পনের কাঠা ৭ সাত ছটাক ৬ ছয় স্কোয়ার ফিট জমি মায় মায় উক্ত জমির উপরিস্থিত আংশিক দ্বিতল আংশিক একতল বসত বাটীর মধ্যে লট বি তে প্রদর্শিত ২ দুই কাঠা ২২ বাইশ স্কোয়ার ফিট তদ্‌পরিস্থিত ৪ চার খানি শয়ন ঘর ও বারান্দা এবং বি - ১ এ প্রদর্শিত ১ এক - কাঠা ৫ পাঁচ ছটাক ৫ পাঁচ বর্গফুট বাস্তু জমি অত্র বণ্টন নামার বণ্টনকৃত সম্পত্তি হইতেছে । যাহা অত্র সহ দাখিলী নক্সায় নীল রং দ্বারা সীমাংকৃত করিয়া দেখান হইল ।

।ঘ। তপশীল বর্ণিত সম্পত্তি যাহা তৃতীয় পক্ষ অসিত বরন চৌধুরী মহাশয়ের অংশে প্রাপ্ত হইল ।

---

উপরোক্ত ।ক। তপশীলের অন্তর্ভুক্ত জেলা ২৪ পরগণা থানা ও সাবরেজেষ্ট্রি বেহালা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অন্তর্গত মৌজা বেহালা খতিয়ান নং XXX, ২২২৭, দাগ নং ৬৮৩ ছয়শত তিরাশি দাগে মোট ১৫ কাঠা ৭ সাত ছটাক ৬ স্কোয়ার ফিট জমি মায় উক্ত জমির উপরিস্থিত আংশিক দ্বিতল ও আংশিক একতল বাটীর মধ্যে লট সি তে প্রদর্শিত ১ এক কাঠা ১৫ পনের ছটাক তদ্‌পরিস্থিত দুইখানি শয়ন ঘর ও বারান্দা অত্র বণ্টন নামার বণ্টনকৃত সম্পত্তি হইতেছে। যাহা অত্র সহ দাখিলী নক্সায় সবুজ রং দ্বারা সীমাংকিত ...

।ঙ। তপশীল বর্ণিত সম্পত্তি যাহা চতুর্থ পক্ষ শ্রী অজিত বরন চৌধুরীর অংশে প্রাপ্ত হইল ।

---

উপরোক্ত ।ক। তপশীলের সম্পত্তির অন্তর্ভুক্ত জেলা ২৪ পরগণা থানা ও সাব রেজেস্ট্রি বেহালা , কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত মৌজা বেহালা, খতিয়ান নং ২২২, দাগ নং ৬৮৩ ছয়শত তিরাশি দাগে মোট ১৫ পনের কাঠা ৭ সাত ছটাক ৬ - ছয় স্কোয়ার ফিট জমি মায় তদ্ পরিস্থিত আংশিক দ্বিতল ও আংশিক একতল বসত বাটীর মধ্যে ডি চিহ্নিত প্লটে ১ এক কাঠা ৩ তিন ছটাক ৩০ ত্রিশ বর্গফুট জমি মায় তদ্ পরিস্থিত বারান্দা সহ দুই কামরা ঘর ও খালি জমি । ও ডি´ চিহ্নিত প্লটে ১ এক কাঠা ২ দুই ছটাক ৩০ ত্রিশ বর্গফুট জমি যাহা অত্র বন্টন নামার বন্টন কৃত সম্পত্তি হইতেছে । যাহা অত্র সহ দাখিলী নকসায় হলুদ রং দ্বারা রঞ্জিত করিয়া দেখান হইল ।

।চ। তপশীল বর্ণিত সম্পত্তি যাহা পঞ্চম পক্ষ শ্রীমতী হেমাঙ্গিনী চৌধুরী প্রাপ্ত হইলেন

---

উপরোক্ত ।ক। তপশীলের সম্পত্তির অন্তর্ভুক্ত জেলা ২৪ পরগণা থানা ও সাবরেজেস্ট্রি বেহালা, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত মৌজা বেহালা, খতিয়ান নং ২২২৭, দাগ নং ৬৮৩ ছয়শত তিরাশি দাগে মোট ১৫ পনের কাঠা ৭ সাত ছটাক - ৬ ছয় স্কোয়ার ফিট জমি মায় তদ্ পরিস্থিত আংশিক দ্বিতল ও আংশিক একতল বসত বাটীর মধ্যে অত্র লট ই তে প্রদর্শিত ৫ কাঠা ১৪ ছটাক ৩০ বর্গফুট তদ্ পরিস্থিত

[illegible]

এক কামরা টালির ছাউনি যুক্ত ঘর । যাহা অত্র সহ দাখিলী নকসায় কালো রং দ্বারা রঞ্জিত করিয়া দেখান হইল ।

ইসাদী : -

মুসাবিদাকারক : -
সুশীল কুমার মজুমদার,
উকিলের লেখক, আলিপুর
পুলিশ কোর্ট, কলিকাতা ২৭

1) Nitresh Chandra Maidha.
10, Bidhu Bhusan Sen Gupta Road
Behala. Calcutta - 34.

২। সুশীল কুমার মজুমদার,
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা ২৭,

টাইপকারক : -
[illegible],
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা - ২৭ ।

***************